গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
"কন্সট্রাকশন অব হোস্টেল ফর দ্যা সরকারী শিশু পরিবার (০৮ ইউনিট)" প্রকল্প
সমাজসেবা ভবন (৯ম তলা)
ই-৮/বি-১, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

নং-৪১.০১.০০০০.০৬৬..১৪.০২৭.১৪.৫২৮

২২ পৌষ ১৪২৩
০৫ জানুয়ারী ২০১৭

"নিয়োগ পত্র"

সমাজসেবা অধিদফতর কতৃক বাস্তবায়নাধীন "Construction of Hostel for the Sarkari Shishu Paribar (08 Units)" শীর্ষক প্রকল্পের জনবল নিয়োগ কমিটির সুপারিশের প্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের পত্র নং ৪১.০০.০০০০.০৫৫.০১.১১.০৫০.১২-০৬ তারিখ: ০৪ জানুয়ারী ২০১৭ মোতাবেক ১ম অপেক্ষমান প্রার্থীকে উক্ত প্রকল্পের "উপ-সহকারী প্রকৌশলী" পদে জাতীয় বেতন স্কেলের ১০ম গ্রেডে প্রাপ্য সাকুল্য বেতনে প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে চুক্তিভিত্তিক নিয়োগ করা হলো। নিয়োগকৃত কর্মচারীকে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে সমাজসেবা অধিদফতরস্থ প্রকল্প কার্যালয়ে চুক্তিপত্র স্বাক্ষরপূর্বক যোগদান করতে হবে ।

ক্রমিক নং	নাম, পিতা ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
১।	মোঃ জুয়েল মিয়া পিতাঃ মোঃ আবু বক্কর ছিদ্দিক মাতাঃ মোছাঃ দুলালী বেগম	গ্রামঃ বধু কমলা ডাকঘরঃ নতুন সাহেব গঞ্জ থানাঃ রংপুর সদর জেলাঃ রংপুর	প্রযত্নে ইঞ্জিনিয়ার হরিপদ রায়, বাড়ী-১৬, রোড-০২, সেক্টর-১০, উত্তরা মডেল টাউন, ঢাকা।

শর্তাবলীঃ

১। তাঁর চাকুরী সরকারের সাথে সম্পাদিত চুক্তিনামা (সংযুক্ত) অনুসারে নিয়ন্ত্রিত হবে।
২। তাঁর এ নিয়োগ চুক্তিপত্র স্বাক্ষরের তারিখ হতে কার্যকর হবে।
৩। চুক্তিতে বর্ণিত শর্তাবলী তাঁর কাছে গ্রহণযোগ্য হলে আগামী ২২/০১/২০১৭ তারিখের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে প্রস্তুতকৃত চুক্তিপত্র স্বাক্ষর পূর্বক প্রকল্প কার্যালয়ে দাখিল করতে হবে।
৪। শারীরিক সক্ষমতার সমর্থনে সিভিল সার্জনের নিকট হতে স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন দাখিল করতে হবে।
৫। চরিত্র ও প্রাক পরিচয় সম্পর্কে সন্তোষজনক পুলিশী প্রতিবেদন সাপেক্ষে তাঁকে চাকুরীতে বহাল রাখা হবে।
৬। চাকুরীতে যোগদানের জন্য তিনি কোন প্রকার ভ্রমন ভাতা/ দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।
৭। বেতন ভাতাদির ক্ষেত্রে অর্থ বিভাগের স্মারক নং-অম/অবি/বাজেট-১১/ববিধ-৫২/২০০৩(অংশ-২)৩৫ তারিখঃ ২৬.০১.২০১০ খ্রিষ্টাব্দ এবং নং-০৭.১১১.০৩১.০১.০০.০০৫.২০১০-১৫ তারিখ: ১৪/০১/২০১৬ খ্রিষ্টাব্দ প্রযোজ্য হবে।
৮। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

সংযুক্ত ঃ চুক্তিভিত্তিক নিয়োগের চুক্তিপত্র।

০৫।০১।২০১৭
(মোঃ আব্দুর রাজ্জাক)
প্রকল্প পরিচালক
"কন্সট্রাকশন অব হোস্টেল ফর দ্যা
সরকারী শিশু পরিবার (০৮ ইউনিট)" প্রকল্প
সমাজসেবা অধিদফতর আগারগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

১। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৩। জেলা প্রশাসক,---
৪। পুলিশ সুপার, ---
৫। সিভিল সার্জন, ---
৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৭। উপ-পরিচালক (প্রকাশনা), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা।
(সমাজসেবা অধিদফতরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। জনাব মোঃ জুয়েল মিয়া, গ্রামঃ বধু কমলা, ডাকঘরঃ নতুন সাহেব গঞ্জ, থানাঃ রংপুর সদর, জেলাঃ রংপুর

০৫/০১/২০১৭

(মোঃ আব্দুর রাজ্জাক)
প্রকল্প পরিচালক
"কন্সট্রাকশন অব হোস্টেল ফর দ্যা
সরকারী শিশু পরিবার (০৮ ইউনিট)" প্রকল্প
সমাজসেবা অধিদফতর আগারগাঁও, ঢাকা।

প্রকল্পে চুক্তিভিত্তিক নিয়োগের চুক্তিপত্র

সমাজসেবা অধিদফতর কতৃক বাস্তবায়নাধীন "Construction of Hostel for the Sarkari Shishu Paribar (08 Units)" [৮টি সরকারি শিশু পরিবারের হোস্টেল নির্মাণ] শীর্ষক প্রকল্পের জনবল নিয়োগ কমিটির সুপারিশের প্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের পত্র নং ৪১.০০.০০০০.০৫৫.০১.১১.০৫০.১২-০৬ তারিখঃ ০৪ জানুয়ারী ২০১৭ মোতাবেক জনাব জনাব মোঃ জুয়েল মিয়া, পিতাঃ আবু বক্কর ছিদ্দিক, মাতাঃ মোছাঃ দুলালী বেগম গ্রামঃ বধু কমলা, ডাকঘরঃ নতুন সাহেব গঞ্জ, থানাঃ রংপুর সদর, জেলাঃ রংপুরকে, **"উপ-সহকারী প্রকৌশলী"** পদে তাঁর যোগদানের তারিখ ---------- খ্রিঃ হতে প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে চুক্তিভিত্তিক নিয়োগ দান করা হলো। এই নিয়োগের শর্তাবলী নিম্নরূপ হবে ঃ

১। চুক্তি ভিত্তি নিয়োগের ক্ষেত্রে মাসিক মোট সাকুল্য বেতনঃ টাকা ২৭,১০০/- (সাতাশ হাজার একশত) টাকা মাত্র। এক্ষেত্রে অর্থ বিভাগের পরিপত্র নং- নং-০৭.১১১.০৩১.০১.০০.০০৫.২০১০-১৫ তারিখঃ ১৪/০১/২০১৬ খ্রিষ্টাব্দ এবং সরকার কর্তৃক এতদসংক্রান্ত বিষয়ে অন্য কোন পরিপত্র/স্মারক জারী করা হলে তা প্রযোজ্য হবে।

২। প্রকল্পে নিয়োজিত জনবল চুক্তিকালীন সময়ে সার্বক্ষণিকভাবে প্রকল্পের কাজে নিয়োজিত থাকবেন এবং এই চুক্তিপত্রই প্রকল্পের মেয়াদ শেষে চাকরি হতে অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে।

৩। চাকরি সংক্রান্ত যে প্রবিধানিক ব্যবস্থা রয়েছে তৎসম্পর্কীয় আচরণবিধি এবং অন্যান্য বিধিসমূহ প্রযোজ্য হবে।

৪। চুক্তিভিত্তিক জনবলকে প্রকল্প পরিচালক প্রকল্পের আওতায় যে কোন স্থানে বদলী করতে পারবেন।

৫। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন পক্ষ এক মাসের নোটিশে অথবা এক মাসের বেতন প্রদান সাপেক্ষে এ চুক্তিপত্র বাতিল করতে পারবেন। তবে চুক্তিপত্র বাতিলের পূর্বে সরকারী পাওনা পরিশোধ করতে হবে।

৬। চুক্তিপত্রে উল্লেখ নাই এরূপ বিষয়ে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী প্রকল্পে নিয়োজিত চুক্তিভিত্তিক অস্থায়ী কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য সরকারি বিধিসমূহের আওতাধীন থাকবেন।

০৫/০১/২০১৭

(মোঃ আব্দুর রাজ্জাক)
প্রকল্প পরিচালক
"কন্সট্রাকশন অব হোস্টেল ফর দ্যা
সরকারী শিশু পরিবার (০৮ ইউনিট)" প্রকল্প
সমাজসেবা অধিদফতর আগারগাঁও, ঢাকা।

উপরে উল্লিখিত শর্তাধীনে আমি এ নিয়োগ গ্রহণ করতে সম্মত হলাম এবং চুক্তিভুক্ত পদে যোগদান করলাম।

(নিয়োগ প্রাপ্ত কর্মচারীর স্বাক্ষর)

স্বাক্ষী ঃ

১। ২।